

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গবেষণা ও উন্নয়ন শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৭.০৭.০০১.২০.৬৪

তারিখ: ৮ আষাঢ়, ১৪২৯

২২ জুন ২০২২

বিষয়: মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহে কামিল, ফাজিল ও আলিম স্তরে কুরআন, হাদিস, তাফসির ও ফিকহসহ অন্যান্য আরবি বিষয়সমূহের মূল কিতাব হতে যথাযথভাবে পাঠদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহে আলিম, ফাজিল ও কামিল স্তরে কুরআন, হাদিস, তাফসির ও ফিকহসহ অন্যান্য আরবি বিষয়সমূহের মূল কিতাব নিম্নোক্ত শর্তে যথাযথভাবে পাঠদানের নিমিত্ত অনুরোধ করা হলো:

- (১) প্রত্যেক মাদ্রাসায় উপাধ্যক্ষের নেতৃত্বে গঠিত কমিটি বছরের শুরুতে ক্লাস শুরুর পূর্বেই প্রতিটি ক্লাসের জন্য একাডেমিক রুটিন প্রণয়ন করতে হবে;
- (২) বছরব্যাপী পাঠদানের জন্য প্রতিটি বিষয় অধ্যয়ন অনুযায়ী বিন্যাস করে পাঠপরিক্রমা তৈরি করতে হবে;
- (৩) কুরআন, হাদিস, তাফসির ও ফিকহসহ আরবি বিষয়সমূহের পাঠদান পরবর্তী মাসিক মূল্যায়নের ব্যবস্থা করতে হবে;
- (৪) শিক্ষক কর্তৃক মূল কিতাব থেকে পাঠদান নিশ্চিত করতে হবে;
- (৫) প্রতিটি মাদ্রাসার লাইব্রেরিতে চাহিদা মোতাবেক সকল শ্রেণির মূল আরবি কিতাব ও রেফারেন্স কিতাব থাকা নিশ্চিতকরণসহ দরিদ্র শিক্ষার্থীদের জন্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে মূল কিতাব সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৬) শিক্ষার্থীদের বিশুদ্ধ কুরআন তেলাওয়াত শিক্ষা নিশ্চিত করার জন্য প্রতিটি মাদ্রাসায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) ক্লাসে পাঠদানের সময় আরবি বিষয়ের শিক্ষকগণ কর্তৃক প্রতিদিন কমপক্ষে ১০ (দশ) মিনিট সংশ্লিষ্ট বিষয়ে আরবিতে লেকচার/বক্তব্য দেয়া এবং প্রয়োজনে তার অনুবাদ বলে দেয়া। এছাড়া আরবি বিষয়ের ক্লাসে শিক্ষার্থীদের আরবিতে কথোপকথনে উৎসাহিত করতে হবে;
- (৮) শিক্ষার্থীদের আরবি মূল কিতাবের ইবারত পড়া (Text Reading) নিশ্চিত করতে হবে;
- (৯) যে সকল ক্লাসগুলোতে আরবি ব্যাকরণ পড়ানো হয়, সে ক্লাসগুলোতে আরবি ব্যাকরণ জানা দক্ষ শিক্ষক (প্রয়োজনে মুহাদ্দিস/মুফাছির/ফকীহ/আদীব/আরবি প্রভাষক)-এর মাধ্যমে ক্লাস গ্রহণ ব্যবস্থা করতে হবে;
- (১০) প্রয়োজনে মাদ্রাসা কর্তৃপক্ষ নিজস্ব আর্থিক ব্যবস্থাপনায় অতিরিক্ত দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগ করতে পারবে;
- (১১) ক্লাসে নোট বা গাইড নিষিদ্ধকরণ এবং শিক্ষার্থীদের নোট-গাইড পড়তে নিরুৎসাহিত করতে হবে;
- (১২) সহশিক্ষাক্রমিক কার্যক্রমের অংশ হিসেবে আরবি ভাষায় বক্তৃতা, ইবারত পাঠ, আরবি ব্যাকরণ ও আরবি প্রবন্ধ রচনা ইত্যাদি প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের আরবি ভাষায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- (১৩) মাদ্রাসার অধ্যক্ষের উদ্যোগে আরবি বিষয়ে শিক্ষকদের ইন-হাউস প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
- (১৪) উপরিউক্ত কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং অনুলিপি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে।

২২-৬-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বিতরণ:

অধ্যক্ষ/সুপার----- (সকল সরকারি ও বেসরকারি মাদ্রাসা)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) জেলা প্রশাসক....(সকল) [তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লেখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]।
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
- ৬) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) জেলা শিক্ষা কর্মকর্তা.....(সকল)।
- ৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার----- (সকল)।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



২২-৬-২০২২

মোঃ জিয়াউল আহসান

পরিচালক